

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ মডস জোন-৩
মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), মডস জোন-৩

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪০৭.০৭.০৩৮.২৪ নথির বিষয়: Supplying, Printing & Pasting of Vinyl Stiker at 3(Three) No. Water Carrier under MODS Zone-03, Dhaka WASA.

নোট: ১ নোটের বিষয়: Supplying, Printing & Pasting of Vinyl Stiker at 3(Three) No. Water Carrier under MODS Zone-03, Dhaka WASA শীর্ষক কাজ অনুমোদন প্রসংগে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২৭/৬/২৪ ১:১৪ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-৩ হতে ঢাকা শহরের বিস্তীর্ণ এবং গুরুত্বপূর্ণ এলাকায় পানি সরবরাহ করে থাকে। দক্ষিণে নীলক্ষেত, পূর্বে কাজী নজরুল ইসলাম এভিনিউ, উত্তরে কল্যাণপুর মেইন খাল এবং পশ্চিমে বেড়িবাঁধ ও তৎপরবর্তী (ঢাকা উদ্যানসহ) তুরাগ নদী পর্যন্ত অত্র জোনের সীমানা বিস্তৃত। অত্র জোনের সরবরাহকৃত পানির প্রধানতম উৎস গভীর নলকূপের মাধ্যমে উত্তোলিত ভূগর্ভস্থ পানি। বিভিন্ন যান্ত্রিক ক্রটি, বিদ্যুৎ বিদ্রাট ও ভূগর্ভস্থ পানির স্তর নীচে নেমে যাওয়ার কারনে, প্রতিনিয়ত পানি উৎপাদনে বিঘ্ন সৃষ্টি হয়ে থাকে। যার ফলে পানি সরবরাহে সমস্যা সংকুল এলাকার গ্রাহকগণের চাহিদার প্রেক্ষিতে পানির গাড়ি মাধ্যমে পানি সরবরাহ করা হয়। অত্র জোনে বর্তমানে ৬(ছয়)টি পানির গাড়ি চলমান রয়েছে। এর মধ্যে ৩(তিন)টি গাড়ির পানির ট্যাংক এ ভিনাইল স্টিকার লাগানো আছে। গাড়ি সমূহ প্রতিনিয়ত অবিরাম ব্যবহারের ফলে স্টিকার নষ্ট হয়ে গিয়েছে, যা দেখতে দৃষ্টিকটু লাগছে। পানির গাড়ি সমূহ বিভিন্ন গ্রাহক হোল্ডিং এ পানি সরবরাহ করে থাকে। গাড়িগুলো বাহ্যিকভাবে জুরাজীর্ন থাকায় গ্রাহকগণ ঢাকা ওয়াসা সম্পর্কে নেতিবাচক মন্তব্য করে থাকেন। এতে ঢাকা ওয়াসার সুনাম ক্ষুণ্ণ হচ্ছে। আলোচ্য নথিতে ৩(তিন)টি পানির গাড়ি (ঢাকা মেট্রো-ঢ-১১-০৪২৩, ঢাকা মেট্রো-ঢ-১১-০৪২৪ এবং ঢাকা মেট্রো-ঢ-১৪-০১২২) এর পানির ট্যাংক এ স্টিকার স্থাপনের প্রস্তাব করা হয়ে। বিভাগীয় কাজের স্বার্থে ও ঢাকা ওয়াসার সুনাম রক্ষার্থে জরুরি ভিত্তিতে পানির গাড়ি তিনটিতে ভিনাইল স্টিকার লাগানো একান্ত প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২৭/৬/২৪ ১:১৯ অপরাহ্ন

উপরিউক্ত বর্ণনার আলোকে অত্র জোনে চলমান পানির গাড়ী ঢাকা মেট্রো-ঢ-১১-০৪২৩, ঢাকা মেট্রো-ঢ-১১-০৪২৪ এবং ঢাকা মেট্রো-ঢ-১৪-০১২২ গাড়ি সমূহে ভিনাইল স্টিকার লাগানো জন্য কোটেশন সংগ্রহ করা হয়েছে। প্রাপ্ত কোটেশন এর দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং-৩ দ্রঃ)। এতে টাকার পরিমান দাঁড়িয়েছে মোট টাঃ ২৪,৪৫০/- (চব্বিশ হাজার চারশত পঞ্চাশ) টাকা মাত্র। আলোচ্য কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৮১(১) অনুযায়ী সরাসরি নগদ ক্রয় পদ্ধতিতে (অস্থায়ী অগ্রিম হিসাবে) সম্পন্ন করা যেতে পারে। আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার “যানবাহন রক্ষণাবেক্ষণ” খাত এর থোক বরাদ্দ ক্রমিক নং-B.21(6) হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটির প্রশাসনিক ও আর্থিক অনুমোদনের ক্ষমতা “প্রধান প্রকৌশলী” মহোদয়ের আওতাধীন।

সংযুক্তিসমূহ (৩):

১। ২০২৩-২৪ অর্থ-বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।.pdf

২। বাজার দরের কোটেশন.pdf

৩। প্রাক্কলন.pdf

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২৭/৬/২৪ ১:২১ অপরাহ্ন

এমতাবস্থায়, উপরিউক্ত বর্ণনার আলোকে Supplying, Printing & Pasting of Vinyl Stiker at 3(Three) No. Water Carrier under MODS Zone-03, Dhaka WASA কাজ এর জন্য নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

ক) উল্লেখিত কাজটি সম্পাদনের জন্য টাঃ ২৪,৪৫০/- (চব্বিশ হাজার চারশত পঞ্চাশ) টাকা মাত্র এর অনুমোদন।

খ) জনস্বার্থে কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৮১(১) অনুযায়ী সরাসরি নগদ ক্রয় পদ্ধতিতে (অস্থায়ী অগ্রিম হিসাবে) সম্পন্ন করার অনুমোদন এবং

গ) আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার “যানবাহন রক্ষণাবেক্ষণ” খাত এর থোক বরাদ্দ ক্রমিক নং-B.21(6) এবং ২০২৩-২৪ অর্থবছরের বরাদ্দকৃত সংশোধিত বাজেটের কোড নং-০১-০৪-০১৭ “যানবাহন রক্ষণাবেক্ষণ” খাত হতে নির্বাহ করার অনুমোদন।

বর্ণিত প্রস্তাবসমূহ “প্রধান প্রকৌশলী” মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ’ল।



২৭/৬/২৪ ১:২৩ অপরাহ্ন
মোস্তাক আহমেদ
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩



২৭/৬/২৪ ১:৫৪ অপরাহ্ন
মোঃ নজরুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব)
মডস জোন-৩



২৭/৬/২৪ ৪:১২ অপরাহ্ন
মোঃ আঃ লতিফ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব)
মডস সার্কেল-১

২৭/৬/২৪ ৪:১২ অপরাহ্ন
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব)
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ২৭/৬/২৪ ৭:৫০ অপরাহ্ন
Okay



২৭/৬/২৪ ৭:৫১ অপরাহ্ন
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব)
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)



৩০/৬/২৪ ১২:৩৯ পূর্বাহ্ন
মোঃ আঃ লতিফ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব)
মডস সার্কেল-১



৩০/৬/২৪ ১১:২২ পূর্বাহ্ন
মোঃ নজরুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব)
মডস জোন-৩

৩০/৬/২৪ ১১:২২ পূর্বাহ্ন
মোস্তাক আহমেদ
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩